



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬

৩১ মার্চ ২০২৪

তারিখ: -----

১৭ চৈত্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯, ২৭ জুলাই ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭ এবং ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০২৪ এর মাধ্যমে SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill) এর সাথে সর্বোচ্চ ৩.৫% মার্জিন যোগ করে ঋণের সুদহার নির্ধারণ করতে হবে মর্মে আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি/পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে সর্বোচ্চ ২.৫% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে মর্মেও নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। ঋণের সুদহার মনিটরিং পলিসির সাথে অধিকতর সামঞ্জস্যপূর্ণ করা এবং অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে অতঃপর নিম্নবর্ণিত নির্দেশনা পরিপালনীয় হবে:
 - ক) ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ৩.০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে; এবং
 - খ) প্রি-শিপমেন্ট রপ্তানি ঋণ এবং কৃষি ও পল্লী ঋণের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART এর সাথে সর্বোচ্চ ২.০% মার্জিন যোগ করে সুদহার নির্ধারণ করতে হবে।
- ৪। এ নির্দেশনা জারির পর হতে নতুনভাবে বিতরণকৃত ঋণের বিপরীতে অনুচ্ছেদ নং-৩(ক) ও ৩(খ) এ বর্ণিত সুদহার মার্জিন প্রযোজ্য হবে। ইতঃপূর্বে বিতরণকৃত ঋণের সুদহার পরিবর্তনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এর অনুচ্ছেদ নং-৫ এর নির্দেশনা পরিপালনীয় হবে।
- ৫। এ নির্দেশনা জারির মাধ্যমে বিআরপিডি সার্কুলার লেটার নং-১১/২০২৪ এর নির্দেশনা রহিত করা হলো। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭/২০২৩ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৭। এ নির্দেশনা ০১ এপ্রিল ২০২৪ তারিখ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২